

আয়া ভ্যাকসিন নিয়েছে



"মানুষ কেন
ভ্যাকসিন নেয়?"

"কারণ ভ্যাকসিন মানুষকে খুব
অসুস্থ হওয়া থেকে রক্ষা করে!"

"এই ভ্যাকসিন তোমার শরীরকে কিছু নির্দিষ্ট জীবাণুর সাথে লড়াই করতে শেখাবে,
যেগুলো তোমাকে অসুস্থ করার চেষ্টা করে। সুস্থ থাকার মানে হল তুমি স্কুলে যেতে
পারবে, তোমার বন্ধুদের সাথে দেখা করতে পারবে এবং তোমার পছন্দের কাজগুলি
করতে পারবে!"



এদিকে আয়ার
শরীরের ভিতরে...

"হ্যালো ইমিউন সিস্টেম, আমি একটি ভ্যাকসিন। আয়ার যখন দরকার হবে,
তখন কীভাবে জীবাণুর বিরুদ্ধে লড়াই করতে হবে, তা দেখাব!"

"আমরা প্রস্তুত!

আয়া যদি জীবাণুতে আক্রান্ত হয়,
আমরা নিশ্চিত করব যে সে যেন খুব
বেশি অসুস্থ না হয়!"



এক মাস পরে...



"ওহ না!
এটা একটা জীবাণু!"

"ভ্যাকসিনটি আমাদের এই
জীবাণুর সাথে লড়াই করার
লক্ষ্যে অনুশীলন করতে সাহায্য
করেছে! চলো সামনে আগাই!"

"খুব ভালো কাজ!
কপাল ভালো যে আয়া ভ্যাকসিন নিয়েছিলো!"

